কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

## কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর ম্যানেজমেন্ট কমিটির ১০২তম সভার কার্যবিবরণী

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর ম্যানেজমেন্ট কমিটির ১০২তম সভা গত ০১ অক্টোবর, ২০২০খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ড. মোঃ আবদুল মুঈদ, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।**

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ম্যানেজমেন্ট কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ আলী, পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন। তিনি সে মোতাবেক আলোচনা শুরু করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| আলোচ্যসূচি ঃ ১ বিগত ০৫ মার্চ ২০২০খ্রি. অনুষ্ঠিত ডিএই'র ম্যানেজমেন্ট কমিটির ১০১তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | সদস্য সচিব বিগত ৫ মার্চ ২০২০খ্রি. অনুষ্ঠিত ডিএই'র ম্যানেজমেন্ট কমিটির ১০১তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। সভায় বিগত সভার কার্যবিবরণী বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং বিগত সভার আলোচ্য সূচি এর বিবিধ আলোচনা ক্রমিক ১ ও ২ এর সিদ্ধান্তসমূহের আংশিক সংশোধনের প্রস্তাব করা হয়। | ডিএই'র ম্যানেজমেন্ট কমিটির ১০১তম সভার কার্যবিবরণীর বিবিধ আলোচনা ক্রমিক ১ ও ২ এর সিদ্ধান্তসমূহের আংশিক সংশোধন ও অন্যান্য সিদ্ধান্তসমূহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক দ্রুত বাস্তবায়ন সাপেক্ষে দৃঢ়িকরণ করা হয়। | - |
| | বিগত ১০১তম সভার বিবিধ আলোচনা ১ এর সিদ্ধান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) জেলায় দায়িত্বপ্রাপ্ত উপপরিচালকগণ স্বয়ং এবং তাঁর দপ্তরের অধিনস্থ কর্মকর্তাগণের মাধ্যমে উপজেলা দপ্তর সমূহের আর্থিক, প্রশাসনিক ও মাঠ পর্যায়ে কার্যক্রম মনিটরিং করে পরিচালক, প্রশাসন ও অর্থ উইং ও পরিচালক, সরেজমিন উইং বরাবর রিপোর্ট প্রেরণ করবেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং পরিচালক, সরেজমিন উইং |
| | বিগত ১০১তম সভার বিবিধ আলোচনা ২ এর সিদ্ধান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা | ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর কর্মকর্তাগণ অফিস পরিদর্শন করে ০৩-কলাম রেজিস্টার আবশ্যিকভাবে পূরণ করবেন এবং পূর্ববর্তী কর্মকর্তাগণের অফিস পরিদর্শনের মন্তব্য/সুপারিশ কতটুকু বাস্তবায়ন | পরিচালক, সরেজমিন উইং |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | করা হয়। | হয়েছে তা যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>খ) একটি অভিন্ন ০৩-কলাম রেজিষ্টারের নির্দেশনা, দপ্তরসমূহে প্রেরণ করবেন।<br>নমুনা ঃ<br>কলাম ১.পরিদর্শনকারীর নাম, পদবী ও তারিখ<br>কলাম ২.পর্যবেক্ষণ, মতামত ও নির্দেশনা<br>কলাম ৩.বাস্তবায়নকারী কর্মকর্তা কর্তৃক গৃহিত পদক্ষেপ। | |
| আলোচ্যসূচি ঃ ২ ইউনিয়ন পর্যায়ে কৃষক সেবা কেন্দ্র স্থাপন ও প্রযুক্তি সম্প্রসারণ (পাইলট) প্রকল্প কর্তৃক নবনির্মিত কৃষক সেবা কেন্দ্রের ভাড়া চুড়ান্তকরণ | সভায় ইউনিয়ন পর্যায়ে কৃষক সেবা কেন্দ্র স্থাপন ও প্রযুক্তি সম্প্রসারণ (পাইলট) প্রকল্প কর্তৃক নবনির্মিত কৃষক সেবা কেন্দ্রের ভাড়া চুড়ান্তকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ডিএই কর্তৃক পরিচালিত সকল ধরণের প্রশিক্ষণ কার্যক্রমের জন্য কোন ভাড়া বা সার্ভিস চার্য প্রযোজ্য হবেনা। তবে অন্যান্য সংস্থার জন্য ইউনিয়ন পর্যায়ের কৃষক সেবা কেন্দ্রের জন্য দৈনিক ভাড়া ৫০০(পাঁচ শত) টাকা ও সার্ভিস চার্জ ৫০০(পাঁচ শত) টাকা। পৌর এলাকার কৃষক সেবা কেন্দ্রের জন্য দৈনিক ভাড়া ১০০০(এক হাজার) টাকা ও সার্ভিস চার্জ ৫০০(পাঁচ শত) টাকা। সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক কৃষক সেবা কেন্দ্র পরিচালিত হবে। তিনি সরকারিবিধি মোতাবেক ভাড়ার টাকা রশিদের মাধ্যমে সংগ্রহ করবেন ও সরকারি কোষাগারে জমা প্রদান করবেন এবং সার্ভিস চার্জ এর টাকা সরকারি বিধি মোতাবেক কৃষক সেবা কেন্দ্র রক্ষনাবেক্ষণ কাজে ব্যয় করবেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| আলোচ্যসূচি ঃ ৩ ডিএই'র ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ে | সভায় ডিএই'র ওয়েবসাইট হালনাগাদকরণ ও রিভিজিটে সৃষ্ট সহকারী প্রোগ্রামার ও পোগ্রামার পদে কর্মকর্তা নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) ডিএই'র ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ে নিম্নরুপ একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়-<br>১. ড. আলহাজ উদ্দিন আহাম্মেদ, পরিচালক, প্রশাসন ও অর্থ উইং-সভাপতি<br><u>জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ</u><br>২. ড. মোছাঃ ফরিদা পারভীন, উপপরিচালক (প্রকল্প বাস্তবায়ন ও মূল্যায়ন)-সদস্য<br>৩. জনাব মোহাম্মদ সফিউজ্জামান, অতিরিক্ত উপপরিচালক (পার্সোনেল)-সদস্য<br>৪. মোছাঃ মাহবুবা খাতুন, অতিরিক্ত উপপরিচালক- সদস্য<br>৫. ড. শামীম আহমেদ, অতিরিক্ত উপপরিচালক (কন্দাল, সবজি ও মসলা- সদস্য<br>৬. খন্দকার মুহাম্মদ রাশেদ ইফতেখার, উপজেলা কৃষি অফিসার-সদস্য<br>৭. মোঃ ওবায়েদুল হক রেজা (রসায়নবিদ)- সদস্য<br>৮. উদয় রানা সিংহ , গবেষনা কর্মকর্তা- সদস্য<br>৯. আহমেদ রিজভী, সংগনিরোধ কীটতত্ত্ববিদ (আমদানি)- সদস্য<br>১০. মোঃ মানিক সরকার, সহকারী প্রোগ্রামার- সদস্য সচিব<br><br>খ) দ্রুততম সময়ের মধ্যে রিভিজিটে সৃষ্ট সহকারী প্রোগ্রামার ও প্রোগ্রামার পদে কর্মকর্তা নিয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং মোঃ মানিক সরকার, প্রোগ্রামার |
| বিবিধঃ | ১) সভায় ডিএই'র বার্ষিক প্রতিবেদন চুড়ান্তকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আগামী ০৫.১০.২০২০খ্রি. তারিখের মধ্যে ডিএই'র বার্ষিক প্রতিবেদন চুড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, ক্রপস উইং |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ২) সভায় উদ্ভিদ সংগনিরোধ উইং কে বাংলাদেশ উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই'র কর্মকর্তাগণ সমন্বয়ে একটি কর্মশালা আহবান করবেন। কর্মশালায় আলোচনার প্রেক্ষিতে আলোচ্য বিষয়ের ওপর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং |
| | ৪) সভায় জেলা পর্যায়ের উপপরিচালক ও উপজেলা পর্যায়ের উপজেলা কৃষি অফিসারের পদসমূহ জরুরী ভিত্তিতে পূরনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জেলা পর্যায়ের উপপরিচালক ও উপজেলা পর্যায়ের উপজেলা কৃষি অফিসারের শুন্য পদসমূহ জরুরী ভিত্তিতে পূরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

০৮/১০/২০২০
(ড. মোঃ আবদুল মুঈদ)
মহাপরিচালক
এবং
সভাপতি, ম্যানেজমেন্ট কমিটি

স্মারকনং-১২.১৬.০০০০.০২৫.১৬.৪১.২০১৫(পার্ট-২)
তারিখঃ অক্টোবর ২০২০

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
২। পরিচালক, প্রশিক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৩। পরিচালক, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৪। পরিচালক, হর্টিকালচার উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৫। পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৬। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৭। পরিচালক, ক্রপস্ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৮। উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, ডিএই, খামারবাড়ি, ঢাকা। কার্যবিবরণীটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধকরা হলো।
৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ডিএই, খামারবাড়ি, ঢাকা
১০। অফিস কপি।